



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৮.১৮-

২৪২

তারিখ: ১২.০৬.২০১৯খ্রি:।

বিষয়: জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন বিনাই দারুল উলুম দাখিল মাদ্রাসায় সুপার পদে নিয়োগপ্রাপ্ত জনাব মো: রেজাউল ইসলাম সরদার এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) সহকারী জজ আদালত, জয়পুরহাট এর আর্জির কপি

তারিখ: ১৪.০১.২০১৯ খ্রি:।

(২) এমপিও আবেদন প্রত্যাখানের অনলাইন কপি

তারিখ: ২৫.০২.২০১৯ খ্রি:।

(৩) মোকদ্দমা নং-০৯/২০১৯ অন্য প্রকার মামলা প্রত্যাহারের আবেদন

তারিখ: ১৩.০৩.২০১৯ খ্রি:।

(৪) আদালত কর্তৃক প্রত্যাহার মঞ্জুরের আদেশ

তারিখ: ১৩.০৩.২০১৯ খ্রি:।

(৫) একই অভিযোগে দায়েরকৃত মোকদ্দমা নং-৩৪/২০১৯ এর আর্জির কপি

তারিখ: ২৭.০৩.২০১৯ খ্রি:।

(৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্মারক নং-৩৭.১০.৩৮৬১.০০০.০৪.৪১০.১৮-৮৬

তারিখ: ১৮.০৪.২০১৯ খ্রি:।

(৭) জেলা শিক্ষা অফিসারের স্মারক নং-৩৭.১০.৩৮০০.৩৪০.১৮.০০৪.১৯-৩১৫

তারিখ: ২১.০৪.২০১৯ খ্রি:।

(৮) মোকদ্দমা নং-৩৪/২০১৯ এর সর্বশেষ তথ্য

তারিখ: ৩০.০৫.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন বিনাই দারুল উলুম দাখিল মাদ্রাসায় সুপার পদে বিধিমেতাবেক নিয়োগপ্রাপ্ত হয়ে জনাব মো: রেজাউল ইসলাম সরদার ০৯.০১.২০১৯ খ্রি: তারিখে যোগদান করেন মর্মে সূত্রে বর্ণিত ০৬ ও ০৭ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে জনাব মোহাম্মদ হেলাল উদ্দীনসহ ০৫ সদস্যের নিয়োগ কমিটি ০৪.০১.২০১৯ খ্রি: তারিখে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করেন। উক্ত নিয়োগ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হওয়ায় জনাব মো: রেজাউল ইসলাম সরদারকে সুপার পদে নিয়োগের জন্য নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। ম্যানেজিং কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থী জনাব মো: রেজাউল ইসলাম সরদারকে নিয়োগ পত্র দেয়া হয়। উক্ত নিয়োগ পত্র প্রাপ্ত হয়ে জনাব মো: রেজাউল ইসলাম সরদার সুপার পদে ০৯.০১.২০১৯ খ্রি: তারিখে যোগদান করেন। উল্লেখ্য যে, উক্ত নিয়োগ পরীক্ষায় মোট ০৬ জন প্রার্থী অংশগ্রহণ করেছিলেন।

০৩. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, বর্ণিত সুপার তাঁর স্থায় পদে যোগাদনক্রমে দায়িত্ব পালন কালে জনৈক জনাব মো: মোজাহার আলী সোনার কর্তৃক বর্ণিত নিয়োগ প্রক্রিয়াটি বিধি সম্মত হয়নি মর্মে দাবী করে বিজ্ঞ সহকারী জজ আদালত, ক্ষেতলাল, জয়পুরহাটে ১৪.০১.২০১৯ খ্রি: তারিখে একটি দেওয়ানী মোকদ্দমা দায়ের করা হয়, যার নং-০৯/২০১৯ অন্য প্রকার।

০৪. বর্ণিত দেওয়ানী মোকদ্দমাটি (০৯/২০১৯) চলাকালীন বাদী জনাব মো: মোজাহার আলী সোনার কর্তৃক ১৩.০৩.২০১৯ খ্রি: তারিখে উক্ত মোকদ্দমাটি প্রত্যাহারের প্রার্থনা করা হয়।

০৫. বর্ণিত মামলার বাদী কর্তৃক মামলা প্রত্যাহারের প্রার্থনা করা হলে প্রার্থনা মঞ্জুর করে বিজ্ঞ সহকারী জজ আদালত কর্তৃক ১৩.০৩.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“বাদী পক্ষের প্রার্থীত মতে অত্র মোকদ্দমা বিনা খরচায় প্রত্যাহার পূর্বক নিষ্পত্তি করা হলো।”

০৬. মোকদ্দমা নং-০৯/২০১৯ মামলার বাদী কর্তৃক মামলাটি প্রত্যাহার করে নেয়ার পর অন্য একজন ব্যক্তি জনাব মো: আজাহার প্রামানিক কর্তৃক একই অভিযোগ আনয়ন করে বিজ্ঞ সহকারী জজ আদালত, ক্ষেতলাল, জয়পুরহাটে আরো একটি মোকদ্দমা দায়ের করা হয় যার নং-৩৪/২০১৯ অন্য। অভিযোগের বিষয় পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযোগটি ভিত্তিহীন ও মনগড়া। স্বার্থান্বেষীমহল স্বার্থ চরিতার্থ করতে না পারায় প্রতিহিংসা পরায়ন হয়ে এসব মামলা দায়ের করছেন।

চলমান পাত-০২


০৭. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, উল্লেখিত দুটি মামলার বাদী বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও নিয়োগ কমিটির কোন সদস্য নয়। তাছাড়া বর্ণিত বাদীদ্বয় উক্ত নিয়োগ পরীক্ষার কোন প্রার্থীও ছিলেন না। এবং বাদীদ্বয় বর্ণিত মাদ্রাসার কোন শিক্ষক ও নন।

০৮. এ পরিস্থিতিতে নিয়োগকৃত সুপার কর্তৃক অনলাইনে এমপিওর জন্য আবেদন করা হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট কর্তৃক তা প্রত্যাখান করে সূত্রে বর্ণিত ০৬ ও ০৭ নং স্মারকের মাধ্যমে এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত চেয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

০৯. উল্লেখিত সুপারের নিয়োগ সংক্রান্ত কাগজ পত্র ও সূত্রে বর্ণিত ০৮ নং স্মারকের মর্মমতে মোকদ্দমাটির সর্বশেষ তথ্যসহ মামলা সংক্রান্ত কাগজ পত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত সুপার জনাব মো: রেজাউল ইসলাম সরদারের এমপিওভুক্তির বিষয়ে আইনগত কোন প্রতিবন্ধকতা নেই।

১০. এমতাবস্থায় জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন বিনাই দারুল উলুম দাখিল মাদ্রাসায় সুপার পদে নিয়োগপ্রাপ্ত জনাব মো: রেজাউল ইসলাম সরদার এর এমপিওভুক্তির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার  
জয়পুরহাট।

  
মোহাম্মদ হেলাল উদ্দীন  
সহকারী পরিচালক (অডিট ও আইন)  
(প্রতিকল্প কর্মকর্তা)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৪. সুপার, বিনাই দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাক: বানাইচ হাট, উপজেলা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট।

০৫. অফিস কপি।